1. এস. পি. চ্যাটার্জী ভারতবর্ষকে নিম্নসংখ্যক মুখ্য ভূপ্রাকৃতিক অঞ্চলে বিভক্ত করেন—

(A) 9
(B) 7
(C) 5
(D) 10

S. P. Chatterjee divided India into the following number of physiographic regions—

(A) 9
(B) 7
(C) 5
(D) 10

2. শহর বা নগরে প্রতি গৃহে বসবাসকারী ব্যক্তির সংখ্যাকে বলা হয়

(A) জনঘনত্ব
(B) স্থানঘনত্ব
(C) গৃহঘনত্ব
(D) দ্রব্যঘনত্ব

Number of persons living in each household in towns or cities is called

(A) Population Density
(B) Place Density
(C) Household Density
(D) Commodity Density

3. বিখ্যাত 'সাইলেন্ট ভ্যালি আন্দোলন' ভারতবর্ষের কোন্ রাজ্যে সংঘটিত হয়েছিল?

(A) পশ্চিমবঙ্গ
(B) হিমাচলপ্রদেশ
(C) উত্তরাখণ্ড
(D) কেরালা

The famous 'Silent Valley Movement' took place in which state of India?

(A) West Bengal
(B) Himachal Pradesh
(C) Uttarakhand
(D) Kerala

4. অল্টিমিটার যন্ত্রের সাহায্যে মাপা হয়

(A) বায়ুর গতিবেগ
(B) বায়ুর অভিমুখ
(C) সমুদ্রতল থেকে উচ্চতা
(D) সমুদ্রতল থেকে বায়ুচাপ

The property measured by an Altimeter is

(A) Wind velocity
(B) Wind direction
(C) Altitude from sea level
(D) Wind pressure from sea level

5. বিশ্ব বাণিজ্য সংস্থার সদর দপ্তর কোথায় অবস্থিত?

(A) টরন্টো
(B) লন্ডন
(C) প্যারিস
(D) জেনিভা

The headquarters of WTO is located at

(A) Toronto
(B) London
(C) Paris
(D) Geneva

6. ভূগোলকে 'কোরোলজি' রূপে প্রাথমিকভাবে অভিহিত করেন

(A) স্কীফার
(B) রিটার
(C) হার্টশোর্ন
(D) ভ্যারেনিয়াস

Geography was primarily designated as 'chorology' by

(A) Schaefer
(B) Ritter
(C) Hartshorne
(D) Varenius

7. কোরিওলিস বল এবং কেন্দ্রাতিগ বলের ভারসাম্যের কারণে যে বায়ুর উৎপত্তি হয়, সেটি হল

(A) একম্যান ঘূর্ণন
(B) জিওস্ট্রফিক বায়ু
(C) সাব-জিওস্ট্রফিক বায়ু
(D) গ্রেডিয়েন্ট বায়ু

The wind resulting from the balance between the Coriolis force and the Centrifugal force is called

(A) Ekman spiral
(B) Geostrophic wind
(C) Sub-geostrophic wind
(D) Gradient wind

8. একটি 20 মিটার সার্ভে চেইন-এ 'গ্রহণযোগ্য ভ্রান্তি' কত?

(A) ± 2 মিমি
(B) ± 5 মিমি
(C) ± 10 মিমি
(D) ± 20 মিমি

The 'permissible error' in a 20 m chain is

(A) ± 2 mm
(B) ± 5 mm
(C) ± 10 mm
(D) ± 20 mm

9. সলিফ্লাকশন ও জেলিফ্লাকশন কোন্ ধরনের পুঞ্জ সঞ্চলন?

(A) দ্রুত প্রবাহ
(B) ধীর প্রবাহ
(C) হিমানী সম্প্রপাত
(D) মৃত্তিকা বিসর্পণ

Solifluction and Gelifluction are which types of masswasting?

(A) Rapid flow
(B) Slow flow
(C) Avalanche
(D) Soil Creep

10. ক্রান্তীয় উচ্চচাপ অঞ্চল থেকে মেরুবৃত্ত প্রদেশীয় নিম্নচাপ অঞ্চলের দিকে প্রবাহিত হওয়া বায়ুকে বলা হয়

(A) পূবালী বায়ু
(B) পশ্চিমা বায়ু
(C) মেরু বায়ু
(D) আয়ান বায়ু

The wind blowing from the sub-tropical high pressure zone to the sub-polar low pressure zone is called

(A) Easterlies
(B) Westerlies
(C) Polar wind
(D) Trade wind

11. কোয়াটারনারি সেক্টর বলতে বোঝায়—

(A) জ্ঞানভিত্তিক কার্যকলাপ
(B) ব্যাঙ্কিং ক্ষেত্র
(C) প্রশাসন
(D) পরিষেবা

Quaternary sector includes the following:

(A) Knowledge-based activities
(B) Banking
(C) Administration
(D) Service

12. নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি বাগিচা ফসল হিসেবে চাষ করা হয় না?

(A) তামাক
(B) কোকো
(C) ইক্ষু
(D) পাট

Which of the following is not a plantation crop?

(A) Tobacco
(B) Cocoa
(C) Sugarcane
(D) Jute

13. 'আগ্নেয় মেখলা' কোন্ মহাসাগরে দেখা যায়?

(A) আটলান্টিক

(B) ভারত

(C) প্রশান্ত

(D) দক্ষিণ মেরু

'Ring of fire' is seen in which of the following oceans?

(A) Atlantic

(B) Indian

(C) Pacific

(D) Antarctic

14. আবহবিকারের প্রকৃতি ও মাত্রা বহুলাংশে নির্ভর করে—

(A) ভূমির ঢাল

(B) শিলার প্রকৃতি

(C) জলবায়ু

(D) মানুষের কার্যকলাপ

Nature and intensity of weathering predominantly depends on—

(A) Slope of the land

(B) Nature of rock

(C) Climate

(D) Human activities

15. 'শেষ সীমা' (Base Level) তত্ত্বের প্রবর্তক হলেন

(A) হটন

(B) পাওয়েল

(C) হ্যারি হেস

(D) আলফ্রেড ওয়েগনার

The proponent of the concept of 'Base Level' is

(A) Hutton

(B) Powell

(C) Harry Hess

(D) Alfred Wegener

16. বাস্তুতন্ত্রে খাদ্যজালিকা সম্পর্কিত তত্ত্বের ধারণার জনক বলা হয় কাকে?

(A) চার্লস জোসেফ ক্রেবস্

(B) চার্লস এলটন

(C) ই. পি. ওডাম

(D) অ্যাঙ্গাস মুন উডবারি

Who propounded the concept of food web?

(A) Charles Joseph Krebs

(B) Charles Elton

(C) E. P. Odum

(D) Angus Munn Woodbury

17. খরাপ্রবণ অঞ্চলে পরিবেশের সঙ্গে মানুষের অভিযোজনের একটি প্রকৃষ্ট উদাহরণ হল

(A) শুষ্ক কৃষির প্রচলন

(B) জলসেচ ব্যবস্থার প্রচলন

(C) পরিকাঠামো উন্নয়ন

(D) খনিজ খনন

A classic example of human adaptation to drought prone region is

(A) Introduction of dry farming

(B) Introduction of irrigation

(C) Infrastructure development

(D) Mining

18. সামুদ্রিক ট্রান্সফর্ম চ্যুতি কোন্ পাতসীমানায় দেখা যায়?

(A) অভিসারী

(B) প্রতিসারী

(C) নিরপেক্ষ

(D) অক্লুডেড

Along which plate margin are oceanic transform faults seen?

(A) Convergent

(B) Divergent

(C) Conservative

(D) Occluded

19. ঘণ্টা আকৃতির বয়স ও লিঙ্গ পিরামিড নির্দেশ করে—
(A) দ্রুত বর্ধনশীল জনসংখ্যা
(B) ক্রমহ্রাসমান জনসংখ্যা
(C) স্থিতিশীল জনসংখ্যা
(D) কাম্য জনসংখ্যা

Bell-shaped age-sex pyramid indicates—
(A) Rapidly growing population
(B) Declining population
(C) Stationary population
(D) Optimum population

20. সামাজিক বনসৃজন প্রকল্পের অন্যতম মুল উদ্দেশ্য হল
(A) ক্ষয়িষ্ণু বনসম্পদের উপর থেকে চাপ হ্রাস।
(B) কৃষি জমিতে জলের জোগান বৃদ্ধি।
(C) বন্যপ্রাণী সংরক্ষণ।
(D) কৃষিতে উৎপাদন বৃদ্ধি।

One of the major objectives of social forestry is
(A) To reduce pressure on already depleting forest resources.
(B) To increase the supply of water to agricultural land.
(C) Conservation of wild animals.
(D) To increase agricultural production.

21. নিম্নলিখিত যুগলগুলির মধ্যে কোন্‌টিকে সম্পূর্ণত পাললিক ভূ-জৈব রাসায়নিক চক্র বলে অভিহিত করা যায়?
(A) সালফার–অক্সিজেন
(B) কার্বন–অক্সিজেন
(C) ফসফরাস–নাইট্রোজেন
(D) সালফার–ফসফরাস

Which of the following pairs can be termed as completely sedimentary bio-geochemical cycle?
(A) Sulfur–Oxygen
(B) Carbon–Oxygen
(C) Phosphorus–Nitrogen
(D) Sulfur–Phosphorus

22. শস্য সমন্বয় অঞ্চলের ধারণা দিয়েছেন
(A) জে. সি. উইভার
(B) এল. ডি. স্ট্যাম্প
(C) ডি. হুইটলেসি
(D) জে. ই. স্পেনসার

The concept of crop-combination regions was proposed by
(A) J. C. Weaver
(B) L. D. Stamp
(C) D. Whittlessey
(D) J. E. Spencer

23. পৃথিবীপৃষ্ঠে আপতিত সূর্যরশ্মিকে কী নামে অভিহিত করা হয়?
(A) পরিচলন শক্তি
(B) অ্যালবেডো
(C) ইনসোলেশান
(D) বিকিরণগত শক্তি

How is the solar energy that reaches the earth termed?
(A) Convectional energy
(B) Albedo
(C) Insolation
(D) Radiant energy

24. ইউ. এস. ডি. এ. শ্রেণিবিভাগ অনুসারে 0·002 মিমি বা তার কম ব্যাসযুক্ত মৃত্তিকার কণাকে বলা হয়
(A) বালি
(B) কর্দম
(C) নুড়ি
(D) পলি

According to U.S.D.A. classification, soil separates having diameter 0·002 mm or less is called
(A) Sand
(B) Clay
(C) Pebble
(D) Silt

31. নিম্নলিখিত মৃত্তিকা সৃষ্টির নিয়ন্ত্রকগুলির মধ্যে কোন্‌টি গৌণ নিয়ন্ত্রক?

(A) ভূমিরূপ
(B) বৃষ্টিপাত
(C) জীবজগৎ
(D) উষ্ণতা

Which one of the following is a passive soil forming factor?

(A) Relief
(B) Rainfall
(C) Organisms
(D) Temperature

32. শিলাস্তরের মধ্যে অনুভূমিকভাবে সঞ্চিত ম্যাগমাকে বলা হয়

(A) সিল
(B) ডাইক
(C) ব্যাথোলিথ
(D) লোপোলিথ

Horizontal deposition of magma within rock beds is known as

(A) Sill
(B) Dyke
(C) Batholith
(D) Lopolith

33. মৌসুমি নিম্নচাপের দুর্বল হয়ে যাওয়া এবং উত্তর ভারতের সমভূমি থেকে মৌসুমিবায়ুর পশ্চাৎ অপসরণের ফলে যে সাময়িক উচ্চ তাপমাত্রা এবং আর্দ্রতাযুক্ত অসহনীয় আবহাওয়া তৈরি হয়, তাকে বলে

(A) সেপ্টেম্বর উষ্ণতা
(B) অক্টোবর উষ্ণতা
(C) নভেম্বর উষ্ণতা
(D) ডিসেম্বর উষ্ণতা

The weakening of monsoon trough and withdrawal of monsoonal rains from the North Indian Plains lead to a sudden intolerable high temperature and high humid condition. It is called

(A) September heat
(B) October heat
(C) November heat
(D) December heat

34. ফিয়োর্ড উপকূল সৃষ্ট হয়

(A) সমুদ্র তরঙ্গের আঘাতে।
(B) নদী উপত্যকা নিমজ্জিত হয়ে।
(C) হিমবাহ উপত্যকা নিমজ্জিত হয়ে।
(D) উপকূল প্লাবিত হওয়ার ফলে।

Fjord coast lines are formed due to

(A) Erosion by sea waves.
(B) Submergence of river valley.
(C) Submergence of glacial valley.
(D) Coastal flooding.

35. বিচ্যুতির চরম পরিমাপের উদাহরণ হল

(A) কেন্দ্রীয় প্রবণতা

(B) চতুর্থক বিচ্যুতি ও প্রমাণ বিচ্যুতি

(C) বিচ্যুতির গুণাঙ্ক

(D) প্রসার বিচ্যুতির সহগ

An example of absolute measures of dispersion is

(A) Central tendency

(B) Quartile deviation and Standard deviation

(C) Co-efficient of variation

(D) Co-efficient of range

36. ভারতের সর্বপ্রথম জাতীয় উদ্যানটি বর্তমানে কি নামে পরিচিত?

(A) সুন্দরবন

(B) কান্‌হা

(C) জিমকরবেট

(D) কাজিরাঙা

The first National Park of India is presently known as

(A) Sunderbans

(B) Kanha

(C) Jim Corbett

(D) Kaziranga

37. নিম্নলিখিত প্রাণী প্রজাতিগুলির মধ্যে কোন্‌টি বিপন্ন প্রজাতির অন্তর্ভুক্ত?

(A) ডোডোপাখি

(B) ককেশীয় বাঘ

(C) ভারতীয় হাতি

(D) এশীয় সিংহ

Which of the following animal belongs to endangered species?

(A) Dodo

(B) Caucasian Tiger

(C) Indian Elephant

(D) Asian Lion

38. 1962 সালে, উইট্টেকার যে দুটি মুখ্য উপাদানের ভিত্তিতে বায়োমের শ্রেণিবিভাগ করেছিলেন, তা হল

(A) গড় বার্ষিক তাপমাত্রা ও গড় বার্ষিক অধঃক্ষেপণ।

(B) গড় বার্ষিক শক্তির প্রাপ্যতা ও গড় বার্ষিক খাদ্য উৎপাদন।

(C) গড় উচ্চতা ও গড় তাপমাত্রা।

(D) গড় আর্দ্রতা ও গড় তাপমাত্রা।

In 1962, Whittaker classified biomes according to two major factors. These are

(A) Mean annual temperature and mean annual precipitation.

(B) Mean annual availability of energy and mean annual food production.

(C) Average elevation and average temperature.

(D) Average humidity and mean temperature.

39. ভিদাল-দি-লা-ব্লাশ মানুষ-প্রকৃতির সম্পর্ক ব্যাখ্যা করেন নিম্নলিখিত কোন্ মতবাদের মাধ্যমে?

(A) বাস্তুতন্ত্রবাদ

(B) সম্ভাবনাবাদ

(C) নবনিয়ন্ত্রণবাদ

(D) আঞ্চলিকতাবাদ

The man-environment relationship was explained by Vidal-de-la-Blache by which of the following concepts?

(A) Ecological views

(B) Possibilism

(C) Neo-determinism

(D) Regionalism

40. নিম্নের কোন্ স্থানটি অভ্র উত্তোলনের জন্য বিখ্যাত?

(A) ক্ষেত্রী
(B) কোডার্মা
(C) কালাহান্ডি
(D) গুরুমহিষাণী

Which one of the following places is famous for mica mining?

(A) Khetri
(B) Kodarma
(C) Kalahandi
(D) Gurumahasani

41. কল্যাণমূলক অর্থনীতির মূল প্রবক্তা হলেন

(A) উইলিয়াম বাঙ্গে
(B) ব্রায়ান বেরি
(C) ডি. এম. স্মিথ
(D) এডওয়ার্ড রেল্ফ

The main proponent of Welfare Geography is

(A) William Bunge
(B) Brian Berry
(C) D. M. Smith
(D) Edward Relph

42. গুটেনবার্গ বিযুক্তি দেখা যায়

(A) ভূত্বক ও গুরুমণ্ডলের মাঝখানে।
(B) কেন্দ্রমণ্ডল ও গুরুমণ্ডলের মাঝখানে।
(C) সিয়াল ও সিমার মাঝখানে।
(D) বহিঃগুরুমণ্ডল ও অন্তঃগুরুমণ্ডলের মাঝখানে।

Gutenberg discontinuity is located between

(A) Earth's crust and mantle.
(B) Core and mantle.
(C) Sial and Sima.
(D) Outer mantle and inner mantle.

43. জিম্যারম্যানের মতে কোন্ বৈশিষ্ট্য একটি প্রাকৃতিক উপাদানকে সম্পদে পরিণত করে?

(A) কার্যকারিতা ও উপযোগিতা
(B) চাহিদা ও যোগান
(C) জ্ঞান
(D) শ্রম

Which characteristic according to Zimmerman converts a natural element into a resource?

(A) Functionabiliy and utility
(B) Demand and supply
(C) Knowledge
(D) Labour

44. কোন্ ধরণের স্কেলের সাহায্যে একক পরিবর্তন সহজে করা যায়?

(A) ভার্নিয়ার স্কেল
(B) ডায়াগোনাল স্কেল
(C) তুলনামূলক স্কেল
(D) বক্র স্কেল

Which scale directly translates one unit system to another?

(A) Vernier Scale
(B) Diagonal Scale
(C) Comparative Scale
(D) Chord Scale

45. নিম্নলিখিত ভৌগোলিকদের মধ্যে কাকে ধ্রুপদী ভৌগোলিক বলা চলে?

(A) আলফ্রেড হেটনার
(B) স্কীফার
(C) আলেকজান্ডার ফন হামবোল্ট
(D) এলসওয়ার্থ হান্টিংটন

Who among the following geographers can be considered as a classical geographer?

(A) Alfred Hettnar
(B) Schaefer
(C) Alexander von Humboldt
(D) Elseworth Huntington

46. কোন্ প্রকার মৃত্তিকার পরিলেখে হার্ডপ্যানের উপস্থিতি লক্ষ্য করা যায়?

(A) ল্যাটেরাইট
(B) চার্নোজেম
(C) পডজল
(D) সিরোজেম

In which soil profile is hardpan found?

(A) Laterite
(B) Chernozem
(C) Podzol
(D) Sierozem

47. একটি ডায়াগোনাল স্কেলের সাহায্যে নির্ভুলভাবে পরিমাপ করা যায়

(A) একক এবং দশক মান।
(B) দশমিকের পর দুই ঘর পর্যন্ত।
(C) দশমিকের পর চতুর্থ ঘর পর্যন্ত।
(D) কেবল পূর্ণসংখ্যা।

A diagonal scale can accurately measure

(A) Units and tenths only
(B) Upto two decimal places
(C) Upto four decimal places
(D) Only integers

48. একটি মূল শস্য চাষের সাথে আর-একটি অপ্রধান শস্য চাষকে বলে

(A) আর্দ্র কৃষি
(B) শুষ্ক কৃষি
(C) স্থানান্তর কৃষি
(D) ইন্টারকালচার

Cultivation of a minor crop together with a major field crop is known as

(A) Wet farming
(B) Dry farming
(C) Shifting cultivation
(D) Interculture

49. ভারতের 'ডেটাম তল' কোন্ জায়গা থেকে ধরা হয়?

(A) করাচীর গড় সমুদ্রপৃষ্ঠ
(B) মুম্বাইয়ের গড় সমুদ্রপৃষ্ঠ
(C) কলকাতার গড় সমুদ্রপৃষ্ঠ
(D) চেন্নাইয়ের গড় সমুদ্রপৃষ্ঠ

The 'Datum Level' of India is measured from

(A) Mean sea level of Karachi
(B) Mean sea level of Mumbai
(C) Mean sea level of Kolkata
(D) Mean sea level of Chennai

50. 2011 সালের আদমসুমারি অনুযায়ী ভারতের কোন্ রাজ্যে সর্বোচ্চ লিঙ্গ-অনুপাত দেখতে পাওয়া যায়?

(A) তামিলনাড়ু
(B) অন্ধ্রপ্রদেশ
(C) চণ্ডীগড়
(D) কেরালা

Which of the following states of India has the highest sex-ratio according to Census-2011?

(A) Tamil Nadu
(B) Andhra Pradesh
(C) Chandigarh
(D) Kerala

51. 'সোশ্যাল জাস্টিস অ্যান্ড দি সিটি' বইটির লেখক কে?

(A) রিচার্ড পীট
(B) রিচার্ড মরিল
(C) পিটার হ্যাগেট
(D) ডেভিড হার্ভে

Who has written the book 'Social Justice and the City'?

(A) Richard Peet
(B) Richard Morill
(C) Peter Hagget
(D) David Harvey

52. নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি বিষয়ানুগ মানচিত্রের উদাহরণ নয়?

(A) কোরোপ্লেথ মানচিত্র
(B) ভূপ্রকৃতি বৈচিত্র্যসূচক মানচিত্র
(C) সমানুপাতিক চিহ্নের মানচিত্র
(D) বিন্দু-ঘনত্ব মানচিত্র

Which of the following is not an example of a thematic map?

(A) Choropleth map
(B) Topographical map
(C) Proportional symbol map
(D) Dot-density map

53. কে প্রথম 'ইকোলজি' শব্দটির প্রবর্তন করেন?

(A) ট্যান্সলে
(B) হার্ভে
(C) হার্টশোর্ন
(D) হ্যাকেল

Who did first used the term 'Ecology'?

(A) Tansley
(B) Harvey
(C) Hartshorne
(D) Haeckel

54. আফ্রিকার মাসাইমারা অরণ্য অঞ্চলটি নিম্নের কোন্‌ জলবায়ু শ্রেণির অন্তর্গত?

(A) নিরক্ষীয় জলবায়ু
(B) সাভানা জলবায়ু
(C) ভূমধ্যসাগরীয় জলবায়ু
(D) তৈগা জলবায়ু

Which of the climatic types mentioned below prevails in Masaimara forest region of Africa?

(A) Equatorial climate
(B) Savanna climate
(C) Mediterranean climate
(D) Taiga climate

55. 'ডিমের ঝুড়ি টোপোগ্রাফি' শব্দবন্ধটি হিমবাহের কোন্‌ প্রকারের সঞ্চয়জাত ভূমিরূপের সঙ্গে যুক্ত?

(A) এস্কার
(B) ড্রামলিন
(C) টিল
(D) কেম

The term 'Basket of eggs topography' is associated with which of the following glacial depositional feature?

(A) Esker
(B) Drumlin
(C) Till
(D) Kame

56. শিস্ট শিলা কোন্‌ পাললিক শিলার রূপান্তরীকরণের ফলে গঠিত হয়?

(A) বেলেপাথর
(B) চুনাপাথর
(C) কাদাপাথর
(D) জিপসাম

Schist is metamorphosed from which sedimentary rock?

(A) Sandstone
(B) Limestone
(C) Mudstone
(D) Gypsum

57. যে বস্তু যেকোনো তাপমাত্রায় প্রতি একক ক্ষেত্রফলে যেকোনো তরঙ্গদৈর্ঘ্যের ক্ষেত্রে সর্বোচ্চ পরিমাণ শক্তি বিকিরণ করে তাকে বলা হয়

(A) ব্ল্যাকবডি

(B) ব্ল্যাকহোল

(C) আদর্শ বিকিরক মৌল

(D) ব্ল্যাকবক্স

An object that radiates energy at maximum possible rate per unit area for any wavelength is known as

(A) Blackbody

(B) Blackhole

(C) Ideal radiative element

(D) Blackbox

58. 'কাম্য জনসংখ্যা' তত্ত্বের প্রবর্তকরা হলেন

(A) জিমারম্যান, কেইনস

(B) ক্যানন, সন্ডারস

(C) সন্ডারস, জিমারম্যান

(D) ক্যানন, জিমারম্যান

The propounders of optimum population theory are

(A) Zimmerman, Keynes

(B) Cannon, Saunders

(C) Saunders, Zimmerman

(D) Cannon, Zimmerman

59. নিম্নলিখিত যুগলগুলির মধ্যে কোন্‌টি দুর্যোগকে বিপর্যয়ে পরিণত হতে বাধা দেয়?

(A) ঝুঁকি ও বিপন্নতা

(B) ক্ষমতায়ন ও বিপন্নতা নিয়ন্ত্রণ

(C) বিপন্নতা ও বিপর্যয়

(D) দুর্যোগ ও বিপন্নতা নিয়ন্ত্রণ

Which one of the following pairs restricts a hazard from becoming a disaster?

(A) Risk and Vulnerability

(B) Capacity building and Vulnerability control

(C) Vulnerability and Disaster

(D) Hazard and Vulnerability control

60. 'লা নিনার' প্রাদুর্ভাবের সাথে ভারতীয় উপমহাদেশের মৌসুমি বৃষ্টিপাতের সম্পর্ক সাধারণভাবে

(A) ধনাত্মক

(B) ঋণাত্মক

(C) নিরপেক্ষ

(D) ধ্রুবক

The emergence of 'La Nina' and pattern of monsoonal rainfall in Indian sub-continent is generally correlated in a

(A) Positive manner

(B) Negative manner

(C) Neutral manner

(D) Constant